# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্যে তৃতীয় পর্যায়ের অরুণোদয় প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে ওজর আপত্তির বিষয়ে বিহিত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) আসামের বন্যা নিয়ন্ত্রণের সুবিধার্থে রাজ্যের বেশকয়েকটি স্থানে জলাশয় উন্নয়নের জন্য রাজ্যের জলসম্পদ বিভাগের পদক্ষেপ গ্রহণ/

(৩) মাংকি পক্সে আক্রান্ত বলে সন্দেহ করা লোকেদের নিরীক্ষণ ও পরীক্ষার জন্যে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে কেন্দ্রীয় সরকারের পরামর্শ/

এবং

(৪) রাজ্যের কৃষি ও উদ্যানশস্য সহ অন্যান্য বিভাগের মন্ত্রী অতুল বরার আজ শিলচরে সংশ্লিষ্ট বিভাগের পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ/ আগামীকাল তার হাইলাকান্দি ও করিমগঞ্জেও অনুরূপ অনুষ্ঠান/

---

রাজ্যের তৃতীয় পর্যায়ের অরুণোদয় প্রকল্প রূপায়ণের জন্যে এসংক্রান্ত বিভিন্ন বিষয়ের খোঁজখবর নিতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ এক বৈঠকে মিলিত হয়েছেন । এই পর্যায়ে ৩৭ লক্ষ মহিলা হিতাধিকারীর ব্যাংক এ্যাকাউন্টে মাসে এক হাজার ২৫০ টাকা

করে প্রদান করার লক্ষ্য ধার্য করা হয়েছে । মুখ্যমন্ত্রী আজকের বৈঠকে এই প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে যেসব নীতি নির্দেশনা পালন করতে হবে, সেবিষয়ে আলোচনা করেছেন । তিনি বলেন যে- এইবার এই প্রকল্পের আওতায় রাজনৈতিকভাবে সক্রিয় পরিবারগুলিকে এই প্রকল্পের আওতার বাইরে রাখার বিষয়টি নিশ্চিত করা হবে । এছাড়া প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে যাবতীয় ওজর আপত্তি দূর করার জন্যে ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এদিকে দুঃস্থ ও প্রান্তিক অঞ্চলের হিতাধীকারীদের সনাক্ত করার জন্য শক্তিশালী ব্যবস্থা গ্রহণেরও সিদ্ধান্ত নেওয়া হয়েছে । মুখ্যমন্ত্রী বলেন যে- ২০২০ সালে আরম্ভ করা এই প্রকল্পে প্রথম অবস্থায় ১৯ লক্ষ লোককে মাসিক ৮৩০ টাকা করে প্রদান করা হয়েছিল । সম্প্রতি ৩৭ লক্ষ লোককে এই প্রকল্পের মাধ্যমে উপকৃত করার লক্ষ্য নির্ধারিত করা হয়েছে । মুখ্যমন্ত্রী বলেন যে- আসাম, এই প্রকল্প রূপায়ণ করে মহিলা হিতাধীকারীদেরকে প্রথমবারের মতো এধরণের অর্থ প্রদান করা রাজ্যগুলির অন্যতম হিসেবে পরিগণিত হয়েছে । দেশের বেশকয়েকটি রাজ্য আসামের কাছ থেকে এই প্রকল্পের রূপরেখা গ্রহণ করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী সন্তোষ ব্যক্ত করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আগামী ১৫ সেপ্টেম্বর অনুষ্ঠেয় প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য রাজ্যসরকার ,আসাম পুলিশ ও জেলা প্রশাসনগুলি কার্যকর ব্যাবস্থা গ্রহণ করেছে ।এরজন্য প্রতিটি জেলায় বেশকিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । এদিকে আসাম পুলিশ আজ এই পরীক্ষা নিয়ে ভূয়োঁ তথ্য দেবার অভিযোগে সুরত জামাল নামের এক ব্যাক্তিকে আটক করেছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে বন্যা নিয়ন্ত্রণে জলসম্পদ বিভাগ বেশকয়েকটি স্থানে জলাশয় উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে । এর জন্য ৯ টি স্থান বাছাই করে প্রারম্ভিক গবেষণা ও ক্ষেত্র পরিদর্শনের কাজ অব্যহত রাখা হয়েছে । আজ জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা বিভাগীয় মূখ্য বাস্তুকার এবং সব সংমন্ডলের বাস্তুকারদের সঙ্গে ভার্চুয়াল মাধ্যমে বৈঠকে মিলিত হয়ে এ বিষয়ে আলোচনা করেন । এই আলোচনায় রাজ্য সরকারের বিশেষ মূখ্য সচিব সৈয়দ্দিন আবব্বাসিও উপস্থিত ছিলেন । বৈঠকে রাজ্যের বন্যা ভূমিধ্বসের সমস্যা নিয়ন্ত্রণের জন্য উপায় উদ্ভাবন সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করা হয় ।জলসম্পদ মন্ত্রী এক্ষেত্রে আধিকারিক কর্মচারীদের গ্রহণ করা ভূমিকার প্রশংসা করেন ।

-------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার এম পক্স বা মাংকি পক্সে আক্রান্ত বলে সন্দেহ করা লোকেদের নিরীক্ষণ ও পরীক্ষার জন্যে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে পরামর্শ দিয়েছে । বিশ্ব স্বাস্থ্য সংস্থা এম পক্সকে নিয়ে জনস্বাস্থ্যের ক্ষেত্রে আর্ন্তজাতিক পর্যায়ে উদ্বেগ সৃষ্টিকারী জরুরি অবস্থা ঘোষণা করার পর কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র এই বিষয়ে নির্দেশনা জারী করেছেন । এই পরামর্শে মন্ত্রণালয় এম পক্স সম্পর্কে ব্যাপক সচেতনতা সৃষ্টির উপর গুরুত্ব আরোপ করে এধরণের ঘটনা সনাক্ত হওয়া মাত্র অবগত করে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে । এছাড়া এই রোগ নিয়ে জনসাধারণের মধ্যে যাতে আতঙ্কের সৃষ্টি না হয়, সেই বিষয়েও লক্ষ্য রাখতে বলা হয়েছে । মন্ত্রণালয় একইসঙ্গে জেলা ও রাজ্য পর্যায়ে প্রবীণ আধিকারিকদের দ্বারা গণস্বাস্থ্য ও চিকিৎসা ব্যবস্থার প্রস্তুতি সম্পর্কে পর্যলোচনা চালানোর পরামর্শ দেওয়া হয়েছে । এছাড়া রাজ্যগুলিকে এধরণের রোগে আক্রান্ত লোকেদের সনাক্ত করে হাসপাতালে পৃথকভাবে রাখার ব্যবস্থা করার সহ এই রোগে আক্রান্ত ও আক্রান্ত বলে সন্দেহ থাকা লোকেদের জন্যে প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী ও প্রশিক্ষিত মানব সম্পদ পট্রস্তুত রাখতে বলা হয়েছে । চামড়ার রোগ, জৌন সংক্রমিত রোগের চিকিৎসা প্রতিষ্ঠান ও জাতীয় এইড্স নিয়ন্ত্রণ সংস্থাসমূহের স্বাস্থ্যকর্মীদেরকে বিশেষভাবে সতর্কতামূলক নির্দেশনা মেনে চলতে বলা হয়েছে । কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পরিস্থিতির উপর সূক্ষ্ম দৃষ্টি রাখা সহ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে এই ক্ষেত্রে সবধরণের সহযোগিতা করার প্রতিশ্রুতি দিয়েছেন । উল্লেখ্য- ভারতে পশ্চিম আফ্রিকীয় দুজন লোক এম পক্সে আক্রান্ত হয়েছেন বলে নিশ্চিত করা হয়েছে । ঐ দুজন আক্রান্ত ব্যক্তির স্বাস্থ্য স্থিতিশীল রয়েছে এবং এই প্রকারের সংক্রমণকে নিয়ে জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থা ঘোষণা করা হয়নি ।

-------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে সেপ্টেম্বর আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে অনুষ্ঠানটির ১১৪ তম পর্ব ।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে প্রধানমন্ত্রীকে পরামর্শ প্রদান করতে পারবেন । সেইসঙ্গে নরেন্দ্র মোদী এ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও পরামর্শ প্রদান করা যাবে । অনুষ্ঠানটির আসন্ন পর্বের জন্য ২৭ সেপ্টেম্বর পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে ।

আকাশবাণী দূরদর্শনের সব নেটওয়র্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আরমোবাইল এ্যাপের মাধ্যমে ২৯ সেপ্টেম্বর সকাল ১১ টায় এই অনুষ্ঠান প্রচার করা হবে । ।আকাশবাণী ,দূরদর্শন নিউজ , প্রধানমন্ত্রী কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে ।

---------------------------------------------------------------------------------------

সামগ্রী সেবা কর পরিষদের ৫৪ তম বৈঠক আজ কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ পৌরহিত্যে নতুন দিল্লীতে অনুষ্ঠিত হয়েছে । উল্লেখ্য চলতি বছরের জুন মাসে অনুষ্ঠিত এই পরিষদের পূর্বের বৈঠকে ইস্পাত , লোহা ও এলুমিনিয়ামের সব দুধের ক্যানে ১২ শতাংশ জি এস টি ধার্য করা হয়েছিলো । বৈঠকে ভারতীয় রেল বিভিন্ন সেবাগুলিতে জি এস টি আরোপ না করার সম্ভাবনা প্রকাশ করেছিলো । এই সেবাগুলির মধ্যে প্ল্যাটফর্ম টিকিট বিক্রী ,রিটায়ারিং রুম ,বিশ্রাম স্থল এবং ব্যাটারি চালিত বাহনের সেবা ইত্যাদি রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র আজ নতুনদিল্লিতে দেশের স্বাস্থ্য পরিকাঠামো ও মানব সম্পদ সংক্রান্ত ২০২২-২৩ বর্ষের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছেন । এই প্রতিবেদনে প্রতি বছরের ৩১শে মার্চ পর্যন্ত দেশের স্বাস্থ্য পরিকাঠামো ও মানব সম্পদের বিস্তৃত তথ্য প্রকাশ করা হয় । এসব তথ্যে সমগ্র দেশের স্বাস্থ্য পরিকাঠামোর ফলপ্রসূ পরিকল্পনা, নিরীক্ষণ ও পরিচালনার বিষয়ে জানানো হয় । এর পরিপ্রেক্ষিতে এই তথ্যসমূহ স্বাস্থ্যক্ষেত্রের অংশীদারদের জন্যেও গুরুত্বপূর্ণ । প্রতিবেদন প্রকাশ করে শ্রী চন্দ্র বলেছেন যে- এই প্রতিবেদনই হচ্ছে স্বাস্থ্যসেবার মানব সম্পদ ও পরিকাঠামোর সঙ্গে জড়িত প্রামাণ্য ও নির্ভরযোগ্য তথ্য । তিনি আরো বলেন যে- প্রতিবেদনটি সমগ্র রাজ্যের স্বাস্থ্যকেন্দ্রগুলি ও জাতীয় স্বাস্থ্য অভিযানের জন্যে গুরুত্বপূর্ণ । এই প্রতিবেদন অনুসারে গত বছরের ৩১শে মার্চ পর্যন্ত দেশে এক লক্ষ ৬৯ হাজারেরও বেশি উপ-স্বাস্থ্যকেন্দ্র, প্রায় ৩২ হাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং ছ'হাজার ৩৫৯টি কম্যুনিটি স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে দেশের গ্রাম শহরের জনসাধারণকে স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে । এছাড়া এক হাজার ৩৪০টি মহকুমা হাসপাতাল, ৭১৪টি জেলা হাসপাতাল এবং ৩৭২টি মেডিকেল কলেজ রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্টে আজ কোলকাতার আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে গত মাসের ১১ তারিখ ৩১ বর্ষীয় জনৈক চিকিৎসককে ধর্ষণ ও হত্যার সঙ্গে জড়িত মামলার শুনানি হয়েছে। সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা- সি বি আই'কে আগামী

১৭ সেপ্টেম্বর এই মামলার নতুন প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছে । এদিকে প্রধান বিচারপতি জানিয়েছেন যে- পশ্চিমবঙ্গের জুনিয়র ডাক্তারদের সবাইকে আগামীকালের মধ্যে কাজে যোগ দিতে হবে । তাদের বিরুদ্ধে রাজ্য সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করতে পারবেনা বলেও সুপ্রীম কোর্ট জানিয়েছে । ডাক্তারদের প্রয়োজনীয় সুযোগ সুবিধার কথা জেনে নিয়ে এই অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করতে আজ আদালত রাজ্যসরকারকে নির্দেশ দিয়েছে । এছাড়া ডাক্তারদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার কথাও বলা হয়েছে । এদিকে ডাক্তারদের আগামীকাল বিকেল পাঁচটার মধ্যে কাজে যোগ দিতে বলা হয়েছে । এছাড়া এই মামলার পরবর্তী শুনানির দিন আর জি করের সামগ্রিক নিরাপত্তা সুনিশ্চিত করতে গ্রহণ করা পদক্ষেপ সমূহের বিষয়ে রাজ্য সরকার আদালতে জানাবে বলে পশ্চিমবঙ্গ সরকারের আইনজীবি জানিয়েছেন । অন্যদিকে সি বি আই বলেছে- এইম্স এবং অন্যান্য গবেষণাগারগুলিতে পৃথকভাবে এই মামলার ফরেনসিক অধ্যয়ন করানো হবে । উল্লেখ্য- মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পার্ডিওয়ালা এবং মনোজ মিশ্রের বিচারপীঠ বিষয়টির উপর শুনানি গ্রহণ করেছে । সলিসিটর জেনারেল তুষার মেহতা সি বি আই'য়ের পক্ষ থেকে আদালতে হাজির ছিলেন । এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে উপস্থিত ছিলেন প্রবীণ আইনজীবি কপিল সিব্বাল ।

---

রাজ্যের কৃষি ,উদ্যান শস্য ,আসাম চুক্তি ,পশু পালন ও পশু চিকিৎসা ,সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন মন্ত্রী অতুল বরা আজ শিলচরে পৌছেঁ কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয় সভাকক্ষে আয়োজিত এক পর্যালোচনা বৈঠকে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলির সুষ্ঠ বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশ দেন । মূখ্যমন্ত্রীর নির্দেশে তিনি বরাক উপত্যকার তিন জেলা অর্থাৎ কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করতে এসেছেন বলে মন্ত্রী শ্রী বরা জানান ।

এই পর্যালোচনা সভায় জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জেলার হাসপাতালগুলির পরিকাঠামো ব্যাবস্থা ,কমিউনিটি হেলথ সেন্টার, মডেল হাসপাতাল ,চা বাগানের হাসপাতাল ইত্যাদির বিস্তারিত তথ্য তুলে ধরা হয় । সভায় জেলার তিন পৌরসভা শিলচর,সোনাই ও লক্ষীপুরের কাজকর্মের অগ্রগতি ,জেলা কৃষি বিভাগ দ্বারা সরকারী বিভিন্ন প্রকল্পগুলির রূপায়ন সম্পর্কে মন্ত্রীকে অবগত করানো হয় । মিজোরাম রাজ্যের সঙ্গে উপত্যকার তিন জেলার সীমান্ত সুরক্ষা সম্পর্কেও সভায় আলোচনা করা হয় । এছাড়া পশুপালন ও পশু চিকিৎসা এবং সমবায় বিভাগের কাজের অগ্রগতি নিয়ে

পর্যালোচনা করা হয় । সভায় কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝাঁ , পুলিশ সুপার নোমাল মাহাতো , জেলার দুই বিধায়ক দীপায়ন চক্রবর্তী ও মিহিরকান্তি সোম সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

মন্ত্রী শ্রী বরা আগামীকাল হাইলাকান্দি জেলা সফর করবেন । তিনি আগামীকাল সকাল ১১টায় হাইলাকান্দি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । বেলা ১টায় মন্ত্রী সাংসদ ও বিধায়কদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন এবং এরপর বিজেপি ও অগপ দলের কর্মকর্তাদের সঙ্গে আরো একটি বৈঠক করবেন । মন্ত্রী শ্রী বরা আগামীকাল করিমগঞ্জ জেলা পৌঁছে আগামীকাল বিকেল চারটায় করিমগঞ্জ পৌঁছেঁ তিনি জেলার সাংসদ ,বিধায়ক সহ প্রশাসনিক কর্মকর্তা ,বিভগীয় প্রধান ও পৌরসভার কর্মকর্তাদের সঙ্গে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এরপর দলীয় কর্মীদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে রাত ৭ টায় মন্ত্রী শিলচর ফিরে আসবেন ।

---------------------------------------------------------------------------------

শিলচরের প্রগতিশীল নাগরিক মঞ্চের উদ্যোগে শিলচর শহরের সড়ক সংস্কার এবং জমা জলের দূর্ভোগ থেকে নাগরিক জীবন রক্ষার দাবী জানিয়ে আজ নরসিংটোলা ময়দান থেকে একটি প্রতিবাদী মিছিল বের হয়ে শহর পরিক্রমা করে । প্রতিবাদ মিছিলটি নরসিংটোলা ময়দান থেকে বের হয়ে ভাওয়াল পয়েন্ট , সেন্ট্রাল রোড , প্রেমতলা , হাসপাতাল রোড হয়ে রাঙ্গিরখাড়ীর নেতাজী মূর্তির পাদদেশে গিয়ে শেষ হয় । বিক্ষোভ কার্য্যসূচীতে অবিলম্বে শিলচর শহরে উন্নত মানের সড়ক সংস্কার, পরিচ্ছন্ন পানীয় জল প্রদান , অবিলম্বে পৌর নির্বাচন অনুষ্ঠিত করার দাবী জানিয়ে প্রবীন নাগরিক মঞ্চের সভাপতি দিলীপ কুমার দে , প্রাক্তন পৌরপতি তমাল কান্তি বণিক , সুভাষ বণিক প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

মণিপুরী ল্যাঙ্গুয়েজ ডেভোলাপমেন্ট সোসাইটির পক্ষ থেকে গতকাল লক্ষীপুরে আয়োজিত এক সভায় সম্প্রতি আসাম বিধানসভায় মণিপুরী ভাষাকে আসামের সহযোগী ভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করায় সন্তোষ প্রকাশ করা হয়েছে । সংস্থার সভাপতি অধ্যাপক জি নরহরি শর্মার পৌরহিত্যে আয়োজিত সভায় আসাম সরকারের এই সিদ্ধান্তের প্রতি সর্মথন জানিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি রোটারী ক্লাবের উদ্যোগে এবছর জাতীয় শিক্ষক দিবস উপলক্ষ্যে জেলার ১০ জন শিক্ষক শিক্ষিকাকে সংর্বধনা জানানো হয়েছে । ক্লাবের সভাপতি বিভাভূষন চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত সভায় অতিরিক্ত জেলা আয়ুক্ত ত্রিদিব রায় প্রদীপ প্রজ্বোলন করে শিক্ষক দিবসের কার্য্যসূচীর সূচনা করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের রেড রিবন ক্লাবের উদ্যোগে আজ কলেজ প্রেক্ষাগৃহে এইডস ও অন্যান্য যৌন রোগ সংক্রান্ত একটি সচেতনতা কার্য্যসূচীর আয়োজন করা হয়েছে । কলেজ অধ্যক্ষা ডক্টর জয়শ্রী চক্রবর্তী প্রদীপ প্রজ্বোলন করে সচেতনতা কার্য্যসূচীর সূচনা করেন । পরে জেলা এইডস নিয়ন্ত্রন আধিকারীক ডক্টর বি কে সরকার এইডস রোডের বিস্তার , প্রতিরোধ নিয়ে বিস্তারিত আলোচনা করেন । অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সপ্তর্ষী কলাকেন্দ্রের শিল্পীদের দ্বারা পথ নাটিকা পরিবেশিত হয়।

----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার দূর্লভছড়া ব্লক কংগ্রেস কমিটির পক্ষ থেকে স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে আজ দূর্লভছড়া শক্তি বিতরন কোম্পানী লিমিটেডের কার্য্যবাহী বাস্তুকারের কার্য্যলয়ের সামনে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্য্যসূচীতে অবিলম্বে স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে জেলা কংগ্রেস কমিটি ,মন্ডল কংগ্রেস , মহিলা কংগ্রেস ও সেবা দল , তপশিলি বিভাগ , সংখ্যালঘু বিভাগের কর্মকর্তারা বক্তব্য রাখেন ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত নক আউট প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার ফাইনালে উঠেছে ভাটিরকূপা এফ সি । স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের সেমি-ফাইনাল খেলায় ভাটিরকূফা এফ সি ৭-১ গোলে রেনবো ক্লাবকে পরাজিত করে । প্রতিযোগীতার দ্বিতীয় সেমি ফাইনাল খেলায় আগামীকাল আলগাপুর এফ সি মূখোমূখি হবে বিলপার একদশের বিরুদ্ধে ।

------------------------------------------------------------------------------------